

Visit of External Affairs Minister to the Republic of Paraguay

August 23, 2022

বিদেশমন্ত্রীর প্যারাগুয়ে প্রজাতন্ত্র সফর

অগাস্ট 23, 2022

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী(ইএএম) ডঃ এস জয়শংকর একটি সরকারি সফরে 21-22 অগাস্ট 2022 তারিখে প্যারাগুয়ে সফর করেছেন এবং আসানসিওনে নতুন চালু হওয়া ভারতীয় দূতাবাসের উদ্বোধন করেছেন। দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 60 বছর পূর্তিতে এই প্রথম একজন ভারতীয় বিদেশমন্ত্রীর প্যারাগুয়ে সফর।

2. সফরটি শুরু হয়েছে আসানসিওনে একটি ওয়াটার ফ্রন্টে মহাত্মা গান্ধীর আবক্ষ মূর্তি উন্মোচনের মধ্যে দিয়ে। বিদেশমন্ত্রী জাতীয় বীরদের সমাধিস্থলে তাদের প্রতি সম্মান প্রদর্শন করেছেন এবং প্যারাগুয়ের জাতীয় বীরদের আত্মত্যাগের কথা স্মরণ করেছেন।

3. বিদেশমন্ত্রী প্যারাগুয়ের রাষ্ট্রপতির প্রাসাদে গিয়ে প্যারাগুয়ে প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত মারিও আবদো বেনিটেজ-এর সাথে সাক্ষাৎ করেছেন। বিদেশমন্ত্রী প্যারাগুয়ে প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি জুলিও সিজার আরিওলা-র সাথে বৈঠকও করেছেন যেখানে দুই পক্ষ ব্যবসা ও বাণিজ্য, কৃষি, ফার্মাসিউটিক্যালস, ঐতিহ্যগত ওষুধ, প্রযুক্তি ও বিকাশ সহযোগিতা, সৌর শক্তি এবং এমইআরসিওএসইউআর সহ বিভিন্ন ক্ষেত্রে তাদের সহযোগিতাকে শক্তিশালী করার জন্য সম্মত হয়েছেন। তারা আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলি নিয়ে মত বিনিময় করেছেন এবং বহুপাক্ষিক ফোরামে ও নিয়ম ভিত্তিক আন্তর্জাতিক আদেশ প্রচারের ক্ষেত্রে একে অপরকে সমর্থন করা চালিয়ে যেতে সম্মত হয়েছেন। কোভিড অতিমারির সময় ভ্যাকসিন সরবরাহ ছিল ভারতের সংহতি প্রকাশের নিদর্শন বলে বিদেশমন্ত্রী উল্লেখ করেছেন।

4. বিদেশমন্ত্রী প্যারাগুয়ের বাণিজ্য ও শিল্পমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত লুইস আলবার্তো কাস্টিগ্লিওনির উপস্থিতিতে প্যারাগুয়ের ইন্ডাস্ট্রিয়াল ইউনিয়নে এক ব্যবসায়ী সমাবেশে ভাষণ দিয়েছেন।

5. আসানসিওনে ভারতীয় দূতাবাসের যুগ্মভাবে উদ্বোধন করেছেন বিদেশমন্ত্রী এবং প্যারাগুয়ের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত জুলিও সিজার আরিওলা। উদ্বোধনী

অনুষ্ঠানে প্যারাগুয়ের স্বরাষ্ট্র মন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত ফেডেরিকো এ গঞ্জালেস সহ প্যারাগুয়ের সরকারের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন প্যারাগুয়ের কূটনৈতিক কোরের সদস্যগণ, ব্যবসায়ী সম্প্রদায় এবং ভারতীয় অভিবাসি গণ।

নিউ দিল্লি
অগস্ট 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.